জাতীয় বিশ্ববিদ্যালয়

পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর

গাজীপুর

স্মারক নং- (৩৩)জাতী: বি:/পরী:/প্রফে:/এলএল.বি/২০২০/ ১১২২৭ তারিখ : ০১/১০/২০২৪

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, **২০২২ সালের এলএল.বি শেষ পর্ব** পরীক্ষার ফরম পূরণের কার্যক্রম নিম্নবর্ণিত তারিখ অনুযায়ী Online-এ সম্পন্ন হবে। পরীক্ষার বিস্তারিত সময়সূচি পরবর্তীতে প্রকাশ করা হবে। উক্ত পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের আবেদনফরম ও বিবরণী ফরম, নিয়মাবলী ও শর্তাবলী নিম্নে প্রদত্ত হলো ঃ

১। পরীক্ষার্থীর ডাটা এন্ট্রি, নিশ্চয়ন, বিবরণী ফরম পূরণ ও জমা করার তারিখ ঃ

ক।	পরীক্ষার্থীকে অন-লাইন থেকে আবেদন ফরম সংগ্রহ করার সময়সীমা ও শেষ তারিখ	০৬/১০/২০২৪ হতে ৩১/১০/২০২৪
খ।	কলেজ কর্তৃক অন-লাইনে ডাটা এন্ট্রি ও নিশ্চয়ন করার শেষ তারিখ	০৩/১১/২০২৪ হতে ০৪/১১/২০২৪
গ।	কলেজ কর্তৃক ফরমপূরণের ফি এর টাকা "সোনালী সেবা" এর মাধ্যমে সোনালী ব্যাংকের যে কোন শাখায় জমা দেয়ার তারিখ	০৫/১১/২০২৪ হতে ০৬/১১/২০২৪
বিবরণী ফরমের তথ্য সঠিকভাবে On-line-এ ডাটা এন্ট্রি করার পর প্রিন্ট আউট কপি যাচাই করে অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত হবার পর মূল কপিটি বাঁধাই করে কলেজে সংরক্ষণ করবেন।		

২। নির্ধারিত ফি (পরীক্ষার্থী প্রতি) ঃ

ক। পরীক্ষার ফি (প্রতিপত্র- তত্ত্বীয়)	৩০০/-
খ। মানউন্নয়ন (প্রতিপত্র- তত্ত্বীয়)	৩০০/-
গ। বিশেষ অন্তর্ভুক্তি ফি (মানউন্নয়ন পরীক্ষার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য)	৫০০/-
ঘ। মুটকোর্ট ট্রায়াল/মৌখিক পরীক্ষার ফি	৬০০/-
ঙ। ট্রান্সক্রিপ্ট ও সাময়িক সনদপত্র ফি (পূর্বে যারা ফরম পূরণ করেনি তাদের জন্যও প্রযোজ্য)	৮০০/-
চ। কেন্দ্র ফি (বিশ্ববিদ্যালয়ে জমা হবে না)	৫০০/-

৩। আবেদন ফরম সংগ্রহ (শিক্ষার্থী/কলেজের জন্য):

এলএল.বি শেষ পর্ব পরীক্ষার আবেদন ফরম জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.nu.ac.bd থেকে ডাউনলোড করতে হবে।

৪। পরীক্ষা পদ্ধতি ও পাঠ্যসূচী ঃ

ক) **জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত এলএল.বি শেষ পর্ব পরীক্ষার পাঠ্যসূচি ও সংশোধিত রেগুলেশন অনুযায়ী ২০২২ সালের এলএল.বি শেষ পর্ব পরীক্ষা অনুষ্ঠিত হবে।**

খ) ২০১৯-২০২০, ২০২০-২০২১, ২০২১-২০২২ শিক্ষাবর্ষের পরীক্ষার্থীগণ ২০২২ সালের এল এল.বি শেষ পর্ব পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

গ) ২০২১ সালের এলএল.বি শেষ পর্ব পরীক্ষায় যে সকল পরীক্ষার্থী সকল পত্রে অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে **অথবা ৪৫% এর কম নম্বর পেয়ে তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছে, তারা এক বা একাধিক বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।** এক্ষেত্রে যে সকল পত্রে ৪৫% এর কম নম্বর পেয়েছে শুধুমাত্র সেই সকল পত্রে অংশগ্রহণ করতে হবে।

ঘ) যে সকল পরীক্ষার্থী ২০২১ সালের এলএল.বি শেষ পর্ব পরীক্ষায় মানোন্নয়ন পরীক্ষার্থী হিসেবে এক বা একাধিক বিষয়ে অংশগ্রহণ করে মানউন্নয়ন হয়নি তাদেরকে ২০২২ সালের পরীক্ষায় সকল বিষয়ে অংশগ্রহণ করতে হবে।

ঙ) ২০২০ সালে পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে এবং ২০২১ সালে অংশগ্রহণ করেনি তাদেরকে ২০২২ সালের পরীক্ষায় সকল বিষয়ে অংশগ্রহণ করতে হবে। উল্লেখ্য ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের পরীক্ষার্থীগণ পরবর্তীতে আর কোন পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে না।

চ) **২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে অকৃতকার্য (F)/অনুপস্থিত (NA) পরীক্ষার্থী ৫০০০/- (পাঁচ হাজার) টাকা বিশেষ ফি জমা দিয়ে ফরম পূরণ করতে পারবে। উক্ত শিক্ষাবর্ষের কোন পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণে ব্যর্থ হলে অথবা পরীক্ষায় অংশগ্রহণ করে পুনরায় অকৃতকার্য হলে অথবা ফরমপূরণ করে পরীক্ষায় অংশগ্রহণ না করলে পরবর্তীতে কোন অবস্থাতেই পরীক্ষায় অংশগ্রহণের আবেদন করতে পারবেন না।**

৫। আবেদন ফরম ও বিবরণী ফরমপূরণের নিয়মাবলী (পরীক্ষার্থীদের জন্য):

ক) পরীক্ষার্থীরা আবেদন ফরম অন-লাইনে নিজে পূরণ করে নির্ধারিত ফিসহ সংশ্লিষ্ট কলেজে জমা দিবে। আবেদন পত্রের সাথে রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি এবং ইতিপূর্বে অংশগ্রহনকারী পরীক্ষার্থীদের প্রবেশপত্রের সত্যায়িত ফটোকপি ও সরকারী চাকুরীজিবীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট দপ্তর/বিভাগের পরীক্ষায় অংশগ্রহণের অনুমতিপত্র সংযুক্ত করতে হবে।

খ) বিষয় কোড এন্ট্রি দিতে কোন প্রকার ভুল হলে পূনরায় অবশ্যই সঠিকভাবে পূরণ করতে হবে।

গ) ফরম পূরণে ভুলের কারণে পরীক্ষার্থীর প্রবেশপত্র ভুল হলে নির্ধারিত ফি জমাদান সাপেক্ষে পরীক্ষার শুরুর পূর্বেই প্রবেশপত্র সংশোধন করে নিতে হবে। নতুবা কেন্দ্র কর্তৃপক্ষ পরীক্ষায় অংশগ্রহন করতে দিবে না এবং ফলাফল বিভ্রাট হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

ঘ) প্রত্যেক পরীক্ষার্থীকে সম্প্রতি তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট আকারের ছবি (কলেজের অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত) আবেদন ফরমের নির্ধারিত স্থানে আইকা আঠা দিয়ে সংযুক্ত করতে হবে।

ঙ) অসম্পূর্ণ আবেদন ফরম বাতিল বলে গণ্য হবে।

চ) যদি কোন বৈধ পরীক্ষার্থীর ডাটা সরবরাহ করা না হয়ে থাকে তবে সে ক্ষেত্রে পরীক্ষার্থী নিজেই বা কলেজ কর্তৃপক্ষ নির্ধারিত তারিখের মধ্যে জানাতে হবে এবং পরবর্তীতে কোন প্রকার আপত্তি গৃহীত হবে না।

৬। **আবেদন ফরম ও বিবরণী ফরমপূরণের নিয়মাবলী (কলেজের জন্য) :**

ক) যে সকল পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে তাদের ডাটা Proabale List-এ প্রকাশ করা হবে।

খ) আবেদন ফরম সঠিকভাবে পূরণ করেছে কিনা তা যাচাই করে অধ্যক্ষ স্বাক্ষর করবেন।

গ) আবেদন পত্রের সাথে রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি এবং মানোন্নয়ন পরীক্ষার্থীদের ক্ষেত্রে প্রবেশপত্রের ফটোকপিসহ প্রয়োজনীয় কাগজপত্র নির্ধারিত তারিখের মধ্যে স্ব-স্ব কলেজ সংরক্ষণ করবে। এটি বিশ্ববিদ্যালয়ে জমা দিতে হবে না।

ঘ) যদি কোন পরীক্ষার্থীর আবেদনফরম বিশ্ববিদ্যালয়ের প্রয়োজন হয় (আবেদন ফরম পূরণের পর থেকে পরীক্ষার ফল প্রকাশের পর দুই বছর পর্যন্ত) তবে তা সরবরাহ করতে হবে।

৭। **বিবরণী ফরম/পরীক্ষার্থীর ডাটা এন্ট্রির নিয়মাবলী (কলেজের জন্য) ঃ**

ক) নিয়মিত/অনিয়মিত/ মান উন্নয়ন পরীক্ষার্থীদের বিবরণী ফরম আলাদা ভাবে তৈরি করার প্রয়োজন নেই।

খ) এন্ট্রির জন্য Data Entry user manual বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট এ দেওয়া আছে। Data Entryকরার সময় এর নিয়মাবলী অনুসরণ করতে হবে।

গ) কলেজগুলোকে **Collage Loginহতে Password সংগ্রহ করতে হবে।** প্রয়োজনে বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট শাখা হতে সংগ্রহ করা যেতে পারে।

ঘ) বিষয়ওয়ারী বিবরণী ফরম এন্ট্রি করার পর এ প্রিন্ট কপির নির্ধারিত স্থানে পরীক্ষার্থীর স্বাক্ষর থাকতে হবে।

ঙ) ছাত্র-ছাত্রী স্ব-হস্তে বিষয় এন্ট্রি করে নির্ধারিত স্থানে স্বাক্ষর করবে ।

৮। **বিবরণী ফরম ও ফি জমা দেয়ার নিয়মাবলী :**

ক) বিবরণী ফরম অন-লাইন থেকে প্রিন্ট করে অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত হওয়ার পর মূল কপিটি সংশ্লিষ্ট কলেজ সংরক্ষণ করবে। বিশ্ববিদ্যালয় প্রয়োজনে সংগ্রহ করাবে।

খ) পরীক্ষার্থীদের ফি পূর্বের মত "সোনালী সেবা" এর মাধ্যমে সংশ্লিষ্ট খাতে যে কোন সোনালী ব্যাংকের শাখায় জমা দিতে হবে এবং কলেজকে নিজ উদ্যোগে নিশ্চিত হতে হবে টাকা পোস্টিং হয়েছে কিনা।

গ) সংশ্লিষ্ট কলেজ বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.nu.ac.bd) সোনালী সেবা Link থেকে Log in করে Pay Slip ডাউনলোড করতে হবে।

ঘ) Pay Slipএ সংশ্লিষ্ট খাতের সঞ্চয়ী হিসাব নম্বর উল্লেখ পূর্বক মোট টাকার অংশ লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংকের যে কোন শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।

ঙ) সোনালী সেবা ছাড়া অন্য কোনভাবে টাকা জমা দেয়া যাবে না। সোনালী সেবা সংক্রান্ত প্রয়োজনে ০১৮৭২-২১৫৯১৪ মোবাইল নম্বরে যোগাযোগ করা যেতে পারে।

৯। **পরীক্ষা পরিচালনা:**

সংশ্লিষ্ট কলেজ কেন্দ্র ফি এর ২৫% দ্বারা পরীক্ষা সংক্রান্ত ব্যয় নির্বাহ করবে। অবশিষ্ট ৭৫% অর্থ কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার (যে কেন্দ্রে সংশ্লিষ্ট কলেজের পরীক্ষার্থীদের পরীক্ষা অনুষ্ঠিত হবে সে কেন্দ্রের) নিকট পরীক্ষা শুরুর পূর্বেই জমা দিতে হবে। যা দ্বারা কেন্দ্রের যাবতীয় (বিশ্ববিদ্যালয় হতে পরীক্ষার উত্তরপত্র আনুষঙ্গিক দ্রব্যাদি গ্রহণ, পরীক্ষানুষ্ঠান ও উত্তরপত্র প্রেরণ ইত্যাদি) ব্যয় নির্বাহ করতে হবে।

ননকলিজিয়েট (৭৫% এর কম ক্লাশে উপস্থিত) শিক্ষার্থীদের ফরম পূরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট কলেজকেই তার দায়-দায়িত্ব বহন করতে হবে। পরীক্ষার সময়সূচি, প্রবেশপত্র বিতরণের তারিখ ও অন্যান্য যাবতীয় তথ্যাদি বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট হতে জানা যাবে। ফরম পূরণের বিবরণী জমা দেয়ার সময় অবশ্যই সর্বশেষ হালনাগাদ কলেজ অধিভুক্তি এবং নবায়নের কপি জমা দিতে হবে।

(মোঃ এনামুল করিম)
পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ
E-mail : controller@nu.ac.bd

স্মারক নং- (৩৩)জাতী: বি:/পরী:/প্রফে:/এলএল.বি/২০২০/ ১১২২৯ তারিখ : ০২/১০/২০২৪

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১। পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
২। পরিচালক, জনসংযোগ দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৩। জেলা প্রশাসক, ঢাকা
৪। অধ্যক্ষ,...
৫। উপ-রেজিস্ট্রার ও ব্যক্তিগত সচিব, ভাইস চ্যান্সেলর এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৬। উপ-রেজিস্ট্রার, ট্রেজারার এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৭। সহকারী রেজিস্ট্রার, রেজিস্ট্রার এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৮। অফিস নথি।

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (প্রফেশনাল)
জাতীয় বিশ্ববিদ্যালয়
বাংলাদেশ